

জাবিতে আধিপত্য বিস্তার নিয়ে ছাত্রলীগের দু'পক্ষে সংঘর্ষ

■ জাবি শব্দদাতা আবাদিক হলে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা ছাত্রলীগের দু'পক্ষের মধ্যে সংঘর্ষ হয়েছে। বৃহস্পতিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের মওলানা ভাসানী হলে এ সংঘর্ষে দুই ছাত্রলীগ নেতাকর্মী আহত হন। জাবি শাখা ছাত্রলীগের

মওলানা ভাসানী হলে জাবি শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক এবং ওই হলের শিক্ষার্থী কেএম নূরনবী ও জাবি শাখা ছাত্রলীগের জেপার সাংগঠনিক সম্পাদক হুমায়ুন কবীরের সমর্থকদের মধ্যে সংঘর্ষ হয়। এতে সম্পাদক নূরনবী ও তার সমর্থক ছাত্রলীগ কর্মী সাদামা আহত হন। পরে সাদামাকে বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে পাঠানো হলে, কর্তব্যরত চিকিৎসক তাকে সাদারের এনাম মেডিকেল কলেজে স্থানান্তর করেন।

এ বিষয়ে নূরনবী বলেন, 'আমাকে ও আমার সমর্থকদের হল থেকে বের করে দেওয়ার জন্য হুমায়ূনের নেতৃত্বে ২০-২৫ ছাত্রলীগ নেতাকর্মী হামলা করে। এ বিষয়ে হুমায়ূন বলেন, 'হলের কক্ষ নিয়ে রাজনীতিই এ ঘটনার মূল কারণ। জাবি শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজীব আহমেদ রাসেল বলেন, 'লিখিত অভিযোগ পেলে সাংগঠনিকভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে হলের প্রভোস্ট অধ্যাপক হাফিজুর রহমান বলেন, 'লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে। প্রবীর তপন কুমার সাহা ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, এ ঘটনায় প্রাথমিকভাবে ব্যবস্থা নেওয়া হবে।